JAN. 0 4 2001

তারিখ ..........
পৃষ্ঠা ....১২.... কলাম ....৬....

# সিলেট শিক্ষা বোর্ডের অধীনে এ বছর থেকেই পরীক্ষা হবে

সিলেট ব্যুরো

চলতি বছর থেকে সিলেট বিভাগের এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীরা সিলেট শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নিচ্ছে। এ বোর্ডে ২০০১ সালের এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৩০ হাজার এবং এইচএসসির প্রায় ১৫ হাজার। বোর্ড সূত্রে এ খবর জানা যায়।

সিলেটবাসীর দীর্ঘদিনের আন্দোলন সংগ্রামের ফসল এ শিক্ষা বোর্ডের কার্যক্রম শুরু হলেও এখনও স্থায়ী ভবন নির্মিত হয়নি। শাহজালাল উপশহরের একটি ভাড়া বাড়িতে বোর্ডের কাজ চালানো হচ্ছে। জনবল কাঠামোও বাড়ানো হয়েছে। দক্ষিণ সুরমার আলমপুরে বিভাগীয় সদর দফতরের পাশে ৮ একর জমি

পরীক্ষা : পৃষ্ঠা : ৬ কলাম : ২

## পরীক্ষা : হবে

(শেষ পৃষ্ঠার পর)

বরাদ্দের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রস্তাব পাঠানো হয়েছে। ১৯৯৯ সালের ১৮ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে ওই বছর থেকে সিলেট শিক্ষা বোর্ডের কার্যক্রম শুরু হবে বলে জানানো হয়। ১৪ জুন ১৯৯৯ থেকে সিলেট শিক্ষা বোর্ডের কার্যক্রম শুরু হয়। ২০০০ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীরা সিলেট শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশগ্রহণের কথা থাকলেও তা প্রশাসনিক জটিলতার কারণে বাস্তবায়ন হয়নি।